

গানওলা

ঘোষপাড়া বাইলেনে ভাড়া ছিলো বছর তিনেক
হোকাস্ পোকাস্ কেরাণী, দক্ষতা হিসেব লেখায়,
অহেতুক চার্জশীট — কোম্পানীর ক্যাশে গরমিল
লক আপে ঠাণ্ডা ঘুম — কাগজের প্রথম পাতায় ॥
দরজায় দরজায় ঘুরছিও বছর আড়াই
যে কোনো একটা কাজ, ডালভাত নিজভূমে ঘর
নো ভাকেসী বিজ্ঞাপন — কারণ সেই ঠাণ্ডা চার্জশীট
উনি আমার স্বর্গ, ধর্ম। আমি শুধু স্নাতকোত্তর ॥
শেষমেশ গান বেচা। দিবারাত্রি ট্রাম-ট্রেন-বাস
যোগীয়ায় রফীসাব্। আরোহীতে পঙ্কজ উধাস্ ॥

সৌরভ মুখোপাধ্যায়

